



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নম্বর-৪৯.০৪.০০০০.২২১.১৮.০০১.২০২৩.(০৭)-১১

তারিখ: ০১ / ০১ / ২০২৩খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের জন্য আবেদন আহ্বান

প্রবাসী কর্মীর সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

(১) আবেদনের যোগ্যতা:

- ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি’র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহন করেছেন;
খ) মৃত কর্মীর ক্ষেত্রে যাদের পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

(২) একজন প্রবাসী কর্মীর একাধিক সন্তানের ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন করতে হবে।

(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-

- ক) বিএমইটি’র বহির্গমন ছাড়পত্র সম্বলিত পৃষ্ঠাসহ পাসপোর্ট এর ফটোকপি অথবা
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বারশীপের ফটোকপি;
খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC;
গ) প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
ঘ) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক সূর্য নাগরিক পরিচয়পত্র/কার্ড এর সত্যায়িত ফটোকপি;
ঙ) চেক গ্রহণকারী পিতা/মাতা/অভিভাবকের (ব্যাংক রাউটিং নাম্বার সহ) তাঁর ব্যাংক স্টেটমেন্ট।

(৪) এ ভাতা মাসিক ১০০০/- (এক) হাজার টাকা হারে বাৎসরিক ১২,০০০/- (বার হাজার) টাকা পাঁচ বছর মেয়াদের জন্য প্রদান করা হবে এবং ১লা জানুয়ারি, ২০২৩ থেকে তা কার্যকর হবে;

(৫) আবেদনপত্র ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় অথবা ওয়েবসাইট (www.wewb.gov.bd)/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস হতে বিনা মূল্যে সংগ্রহ করা যাবে;


(৬) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১ মার্চ, ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌছাতে হবে অথবা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে জমা দেওয়া যাবে।

(৭) আবেদনে ভুল তথ্য প্রমাণিত হলে অথবা কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৮) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(৯) ২০২১ এবং ২০২২ সালে “প্রতিবন্ধী ভাতা” প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

(১০) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কলসেন্টারে ফোন: ১৬১৩৫ (টোল ফ্রি), ০১৭৮৪৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩, বিদেশ থেকে +৮৮০৯৬১০১০১০৩০, ০২-৫৫১৩৮৩১৩) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


শোয়াব আহমাদ খান

যুগ্মসচিব
পরিচালক (অর্থ ও কল্যাণ)
d.fw @wewb.gov.bd